

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(প্রশাসন-১ শাখা)


স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০১.০২৮.০১৬.২০১৪- ৭৫৫

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২২
১২ আগষ্ট ২০১৫

বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্তে গত ১৯ অক্টোবর ২০১৪ তারিখে 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে আগামী ২১/৮/২০১৫ তারিখ রোজ শুক্রবার দুপুর ২-৩০ টায় মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ১। সহকারী লাইব্রেরীয়ান ২। ক্যাটালগার ৩। ক্যাশিয়ার ৪। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৫। ডাটা এন্ট্রি অপারেটর ৬। গাড়ী চালক ৭। অফিস সহায়ক পদে প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ফলাফল ঐ দিনই সন্ধ্যায় পরীক্ষা কেন্দ্রে এবং এ মন্ত্রণালয়ের ষষ্ঠ তলায় নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে।

- লিখিত পরীক্ষার সময় কলম, পেন্সিল ও স্কেল সঙ্গে আনতে হবে। পরীক্ষার হলে মোবাইল ও ক্যালকুলেটর সঙ্গে রাখা যাবে না;
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না;
- পরীক্ষার সময় প্রবেশপত্র সঙ্গে রাখতে হবে;
- মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য নতুন কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না সেক্ষেত্রে লিখিত পরীক্ষার প্রবেশপত্রটি সঙ্গে রাখতে হবে।


(মোঃ এনায়েত উল্লাহ খান ইউসুফজী)
উপসচিব
টেলিফোনঃ ৯৫৬৮২০১
